



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd E-mail: info@bmeb.gov.bd Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/৩৩৩২২১০৬৩৯১১/কক্সবাজার-৫২/১৪৫

তারিখ: ১৬ কার্তিক ১৪২৯  
০১ নভেম্বর ২০২২

বিষয়: মামলার সর্বশেষ অবস্থা সম্পর্কে অবহিতকরণ প্রসঙ্গে।

সূত্র: ১. রিট পিটিশন নং-১১৩৩৯/২০২১;  
২. জনাব সাইফুল ইসলাম কর্তৃক ১৩/০৯/২০২২ তারিখের আবেদন;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কক্সবাজার জেলার রামু উপজেলাধীন গর্জনিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসার শিক্ষক জনাব মো: রেজাউল করিম ও মাও: মো: আইয়ুব মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১১৩৩৯/২০২১ দায়ের করেন। উক্ত রিট পিটিশনের আলোকে মহামান্য হাইকোর্ট বিভাগের ২৯/০৬/২০২২ তারিখের আদেশে জেলা প্রশাসক, জেলা শিক্ষা অফিসার, উপজেলা নির্বাহী অফিসার ও অধ্যক্ষ স্নাও. মো: আব্দুর হামিদ এর মাধ্যমে গভার্নিং বডি গঠনের কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হয়। মহামান্য হাইকোর্টের নির্দেশ মোতাবেক সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের মাধ্যমে গভার্নিং বডির সকল কার্যক্রম সম্পন্ন করা হয় এবং বোর্ড কর্তৃক অনুমোদনের জন্য অধ্যক্ষের মাধ্যমে প্রেরণ করা হয়। উক্ত গভার্নিং বডির বিরুদ্ধে জনাব সাইফুল ইসলাম সূত্রোক্ত ২নং স্মারকে অভিযোগ দায়ের করেন। অভিযোগকারী অভিযোগপত্রে উল্লেখ করেন যে, হাইকোর্টের আদেশ অমান্য করে ২টি ভোটার তালিকার মাধ্যমে প্রস্তাবিত গভার্নিং বডি নির্বাচন সম্পন্ন করা হয় এবং উক্ত কমিটি গঠন বিষয়ে হাইকোর্টে বিচারাধীন থাকায় তা অনুমোদন স্থগিত রাখার আর্জি জানানো হয়। অভিযোগপত্রে রিট পিটিশন নং-১১৩৩৯/২০২১ এর ২৯/০৬/২০২২ খ্রি. ও ১৭/০৮/২০২২ তারিখের আদেশের বিষয় উল্লেখ করেন।

বর্ণিত অবস্থায় রিট পিটিশন নং-১১৩৩৯/২০২১ এর ১৭/০৮/২০২২ তারিখের আদেশ, প্রস্তাবিত গভার্নিং বডির ভোটার তালিকা সংশ্লিষ্ট আদেশ এবং মহামান্য হাইকোর্ট বিভাগে যদি অন্য কোন মামলা/রিট দায়ের করা হয়ে থাকে তার সর্বশেষ অবস্থা আগামী ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে স্বশরীরে উপস্থিত হয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক মোতাবেক।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
০২.১১.২০২২

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

০২/১১/২২

জনাব সাইফুল ইসলাম

প্রভাষক (ইংরেজী)

গর্জনিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসা, রামু, কক্সবাজার।

নং-বামাশিবো/প্রশা/৩৩৩২২১০৬৩৯১১/কক্সবাজার-৫২/১৪৫(৮)

তারিখ: ১৬ কার্তিক ১৪২৯  
০১ নভেম্বর ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, কক্সবাজার;
২. উপজেলা নির্বাহী অফিসার, রামু, কক্সবাজার;
৩. জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রামু, কক্সবাজার;
৫. অধ্যক্ষ, মুহাম্মদ আব্দুল হামিদ, গর্জনিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসা, রামু, কক্সবাজার  
(রিট পিটিশন নং-১১৩৩৯/২০২১ এর respondent No-9 অধ্যক্ষ নির্ধারণ)
৬. জনাব মো: রেজাউল করিম ও মাও: মো: আইয়ুব (রিটকারী), রামু, কক্সবাজার;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

  
১১/১১/২২

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

০২/১১/২২